



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

ই-মেইল : bgguidesho@gmail.com

ফোন : ৪৮৩১৫৫০১, ৪৮৩১৫৫৯২



পত্র নং- গাগা/প্রকা/প্রশা/ ২০২২-১২৯৩

তারিখ : ১১/০৯/২০২২

প্রেস রিলিজ

ইন্টারন্যাশনাল ডে অব দ্যা গার্ল উদযাপন

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে বেইলী রোড, গাইড হাউজে ১১ অক্টোবর “ইন্টারন্যাশনাল ডে অব দ্যা গার্ল”-২০২২ উদযাপন করা হয়। এবছরের থিম, “গার্লস্ স্পিক আপ, লিসেন টু গার্লস্”। অনুষ্ঠানে দিনব্যাপী কার্যক্রম ছিলো, ইয়েস বিষয়ক সেশন, ওয়াগ্‌স প্রেরিত একটিভিটি প্যাকের উপর হলদে পাখি, গাইড, রেঞ্জার ও বিশেষ শিশুদের বিভিন্ন খেলা, বিষয় ভিত্তিক বক্তব্য, ‘আমাদের কথা বলতে চাই’ ইত্যাদি।

“গার্লস্ স্পিক আপ, লিসেন টু গার্লস্” থিম সম্বলিত ফেস্টুন উড়ানোর মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন প্রধান অতিথি বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার এবং স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কাজী জেবুন্নেছা বেগম।

গার্ল গাইডের আগামীর নেতৃত্বকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য হলদে পাখিরা দিনব্যাপী অনুষ্ঠান পরিচালনা করে।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য দেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), ও ধন্যবাদ দেন প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম)।

হলদে পাখি, গাইড, রেঞ্জার, কমিশনার ও গাইড সদস্য সহ ২৫০ জন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।



সাবিনা বেগম

জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা